

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.২০- ৬৬২

তারিখ: ১৩ মে ২০২০ খ্রিস্টাব্দ
৩০ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়: কোভিড-১৯ আক্রান্ত রোগীদের জরুরি চিকিৎসা সেবা নিশ্চিত করার স্বার্থে স্বাস্থ্য অধিদপ্তরাদীন ২৯ টি ল্যাব সেন্টারে ১৭৪ জন সেবা কর্মীর সেবা আউটসোর্সিং এর মাধ্যমে ক্রয়ের সম্মতি প্রদান


- সূত্র: (১) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বা:অধি:/প্রশাসন/চুক্তিভিত্তিক নিয়োগ/২০২০/১৯৮০, তারিখ: ০৯/০৫/২০২০ খ্রি;
(২) অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৫৬.১৫.০১৪.২০২০-২৪৫, তারিখ: ৩০.০৪.২০২০ খ্রি.
(৩) অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৫৬.১৫.০১৪.২০২০-২৪৫, তারিখ: ২৮.০৪.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে কোভিড-১৯ আক্রান্ত রোগীদের জরুরি চিকিৎসা সেবা প্রদানের স্বার্থে স্বাস্থ্য অধিদপ্তরাদীন ২৯টি ল্যাব সেন্টারে নিয়োক্ত ১৭৪ জন সেবা কর্মীর সেবা আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর ৩(৮) অনুচ্ছেদ অনুযায়ী ক্রয়ের বিষয়ে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হল:

নং	প্রতিষ্ঠান/হাসপাতালের নাম	সেবার ক্যাটাগরি	সেবা কর্মীর সংখ্যা
১	২৯ টি ল্যাব সেন্টার	ব্যটিগরি-৫	ল্যাব এটেনডেন্ট-১১৬ ওয়ার্ডবয়-২৯ আয়া-০০ পরিচ্ছন্নতা কর্মী-২৯
			সর্বমোট = ১৭৪ জন সেবা কর্মী

শর্তাবলী:

- (ক) অর্থ বিভাগের ১০/০৬/২০১৯ তারিখের ২৫৯ নং পরিপত্র অনুযায়ী জনপ্রতি সেবামূল্য নির্ধারণ করতে হবে;
- (খ) সেবা কর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% এর কম হবে না;
- (গ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- (ঘ) এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি বিধান অনুসরণ করতে হবে;
- (ঙ) পরিচ্ছন্নতা কর্মীর আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে ;
- (চ) এ আদেশ ২৮/০৪/২০২০ তারিখ হতে পরবর্তী ০৬ মাসের জন্য কার্যকর হবে;
- (ছ) স্বাস্থ্য অধিদপ্তর উল্লিখিত সেবাসমূহ ক্রয়ের যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করবে।


(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা {দৃঃআঃ পরিচালক (প্রশাসন)}

অনুলিপি :

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃঃআঃ অতিরিক্ত সচিব (ব্যয় ব্যবস্থাপনা)}
- ২। যুগ্মসচিব (প্রশাসন/বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)